সরকারি চাকুরীতে প্রবেশের বয়সসীমা বৃদ্ধির দাবীতে ঝিনাইদহে মানববন্ধন

সরকারি চাকুরীতে প্রবেশের বয়সসীমা ৩৫ বছর করার দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। মঙ্গলবার সকালে শহরের কবি সুকান্ত সড়কের পাবলিক লাইব্রেরীর সামনে এ কর্মসূচীর আয়োজন করে চাকুরী প্রার্থীদের সংগঠন ৩৫ বাস্তবায়ন কমিটি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মী ছাড়াও শিক্ষার্থীরা অংশ নেয়।

সেসময় সংগঠনের খুলনা বিভাগীয় সভাপতি আবুল খায়ের, জেলা শাখার সভাপতি রুবেল হুসাইন, চাকুরী প্রার্থী জনি আহমেদ, মিলি খাতুন, মওদুদ হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, ‘চাকরিতে আবেদনের বয়স ৩৫ বছর করার দাবিতে আমরা প্রায় ১২ বছর ধরে আন্দোলন করছি। কিন্তু এখনো সরকার যৌক্তিক এ দাবি মেনে নেয়নি। বয়স নয়, যোগ্যতাই একজন প্রার্থীর একমাত্র মাপকাঠি। ডিজিটাল হওয়া সত্ত্বেও সোনার বাংলাদেশে চাকরিতে আবেদনের বয়স ৩০ বছরে সীমাবদ্ধ। এটা আমরা কোনোভাবেই মানতে পারি না।’ তাই ২০১৮ সালে বর্তমান সরকারের দেওয়া নির্বাচনী ইশতেহার সরকারি চাকুরীর বয়সসীমা ৩০ থেকে বৃদ্ধি করে ৩৫ করার দাবী জানাচ্ছি।

গাংনীতে শিক্ষক কল্যাণ সমিতির জমি দখলমুক্ত করতে সংঘর্ষ আহত ১৬

মেহেরপুরের গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক কল্যাণ সমিতির কার্যালয়ের জমি দখলকে কেন্দ্র করে দু’পক্ষের মধ্যে সৃষ্ট সংঘর্ষে

ছয় শিক্ষক ও নারীসহ অনন্তত ১৬ জন আহত হয়েছেন।

আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। আজ মঙ্গলবার(২২ আগষ্ট) বেলা ১১ টার সময় গাংনী পৌর এলাকার-মেহেরপুর সড়কের বাঁশবাড়িয়া এলাকায় অবস্থিত শিক্ষক কল্যাণ সমিতির কার্যালয়ের সামনে লাঠিশোঠা নিয়ে এক রক্তক্ষয়ি সংঘর্ষের ঘটনা ঘটে।

আহত শিক্ষকরা হলেন- উপজেলা মাধ্যমিক শিক্ষক কল্যাণ সমিতির সভাপতি ও গাংনী পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক আফজাল হোসেন(৫৫) জিলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক আলমগীর হোসেন মিঠু, এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদ,সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রশিদ, রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবুর রহমান লিখন, ও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক রায়হান আলী। শিক্ষকদের ওপর হামলাকারিদের দ্রত গ্রেপ্তারের দাবী জানিয়ে সড়ক অবরোধ করেন শিক্ষকরা।

অপরদিকে শিক্ষকদের হামলায় কার্যালয়ের জমি দখলকারিদের মধ্যে নারীসহ অন্তত দশজন আহত হয়েছেন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেলে ভর্তি করা হয়েছে।

আহতরা হলো-বাঁশবাড়িয়া গ্রামের নিজাম উদ্দিন-(৪০), মিজান (২৫), মুজাম (৩৫), সোহেলী খাতুন (২৫), সুমাইয়া (২২), হাবিবা খাতুন
(৪০) শহিদুল ইসলাম (৫০), শিপন আলী (২০), সোহরাব হোসেন (৩০), ইমরান আলী (২৫), নাজিরা খাতুন (২৫)।
আহতদের মধ্যে মুজাম ও সোহেলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাদের দুজনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।

আধা ঘন্টা যাবত সংঘর্ষের সময় গাংনী থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন।

গাংনী পৌর মেয়র আহমেদ আলী, উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ঘটনাস্থল পরিদর্শন করেছেন। উভয় পক্ষকে শান্ত করে জমিজমার কাগজপত্র যাচাই করার প্রতিশ্রতি দিলে শিক্ষকরা তাদের কর্মসুচী প্রত্যাহার করেন। বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে রয়েছে।

শিক্ষক কল্যাণ সমিতির সভাপতি ও গাংনী পাইলট হাইস্কুলের প্রধান

শিক্ষক আফজাল হোসেন জানান, প্রায় দশ বছর আগে আমরা সমিতির নামে ন্যায্য টাকা দিয়ে হাবিুর রহমানের ওয়ারিশদের কাছ থেকে জমি ক্রয় করি। তারপর সেখানে সমিতির কার্যালয় ভবন নির্মাণ করি। সেই কার্যালয়ের সামনে হঠাৎ করে হাবিবুর রহমানের নামের একজন ব্যক্তি রাতের আধারে জমি দখলে নিয়ে বসত শুরু করে। তাদের বার বার তাগাদা দেয়া সত্বেও তারা আমাদের জায়গা খালি করে দেয়নি। আজ সকালে সমিতির সকল সদস্যরা কার্যালয়ের জমি দখল মুক্ত করতে আসে। এসময় বাড়ির ভিতর থেকে ইট পাটকেল মারতে শুরু করে। হাবিবুর রহমানের লোকজনের ইটের আঘাতে আমাদের ছয় শিক্ষক রক্তাক্ত জখম হয়েছে। সমিতির নামে ক্রয়কৃত জমি দখল করতে উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা ছুটে এসেছেন।

অন্যদিকে আহত নিজাম ও মুজাম বলেন, শিক্ষকরা যে জমি ক্রয় করেছে সেই জমিতে আমাদের অংশ রয়েছে। আমাদের অংশ বুঝিয়ে না দিয়ে তারা অফিস নির্মাণ করেছেন। হাবিবুর রহমান তার নিজের জমি দাবী করে বসবাস শুরু করেন।
আজ সকালে হঠাৎ কয়েক শো শিক্ষক হাতে বাশের লাঠি নিয়ে রাস্তায় জড়ো হয় এবং জোরপুর্বক ইট ও বালি ফেলতে শুরু করে। আমরা বাধা দিতে গেলে শিক্ষরা তাদের হাতে থাকা বাঁশের লাঠি দিয়ে এলোপাথাড়ি মারধর শুরু করেন। শিক্ষকদের হামলায় আমাদের পক্ষের নারীসহ মোট ১০জন আহত হয়েছেন।

আহতদের মধ্যে দুজনকে কুষ্টিয়া হাসপাতালে রেফার করেছেন চিকিৎসক। হামলার সময় শিক্ষকরা আমাদের বাড়িঘরের সমস্ত কিছু ভেঙ্গে তছরুপাত করেছেন। এবং ঘরের টিন ও আসবাপত্র যা ছিল তা সব নিয়ে গেছে বলেও দাবী করেন তারা।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, আমি ঘটনা শুনতে পেয়ে দ্রত পুলিশ পাঠিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেছি। উভয় পক্ষের লোকজন জখম হয়েছে। জখম হওয়া ব্যক্তিরা চিকিৎসাধীন রয়েছেন। বর্তমানে পরিস্থিতি থমথমে। এখনও কোন পক্ষ থেকে অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনী ব্যবস্থা নেয়া হবে।

নারী শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে—ইমদাদুল হক মিলন

নারী শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে জানিয়েছেন দুই বাংলার জনপ্রিয় কথাসাহিত্যিক, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপের পরিচালক ও কালের কণ্ঠ’র প্রধান সম্পাদক ইমদাদুল হক মিলন।

গতকাল রবিবার সকালে কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয় মিলনায়তনে ‘নারী শিক্ষার প্রসার এবং আগামীর বাংলাদেশ’ শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, এখন তথ্য প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে নারীরা এগিয়ে যাচ্ছে। প্রতিকূলতা থাকবে কিন্তু এটিকে ভেঙে নারীদের এগিয়ে যেতে হবে। সমাজে কেবল নারী একজন নারী নয়, তাকে মানুষ হিসেবে সমাজে নিজেকে প্রতিষ্ঠিত হতে হবে। এজন্য সুশিক্ষায় শিক্ষিত হয়ে নিজেকে গড়ে তুলতে হবে। তবেই তুমি কেবল নারী নয়, নিজেকে সমাজে একজন আলোকিত মানুষ হিসেবে গড়ে তোলা সম্ভব হবে।

সোনার বাংলাদেশ গড়ে তুলতে হলে আগে সোনার মানুষ তৈরি করতে হবে বলে উল্লেখ করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, সত্য কথা বললে সৎ হবে এবং ভালো মানুষ হবে। কারণ একটি দেশের প্রধান সম্পদই হচ্ছে মানবসম্পদ। তাই শিক্ষার্থীদের লেখাপাড়া শিখে মানুষ হওয়ার আহবান জানান তিনি।

তিনি আরও বলেন, দুনিয়ার সব কাজ, বিচার-ফয়সালা সত্য কথা বা সত্যবাদিতার ওপর নির্ভরশীল। তাই সদা সত্য কথা বলা সৎ পাথে চলার মধ্য দিয়ে ভালো মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলা সম্ভব।

বিদ্যালয়য়ের প্রদান শিক্ষক মোজাম্মেল হকের সভাপতিত্বে বক্তব্য রাখেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফেজ মো: রুহুল আমিন, সিনিয়র শিক্ষক নাদিরা খানম, নীলিমা বিশ্বাস, তাকিয়া সুলতানা, রেজাউল করিম প্রমুখ।

এসময় বসুন্ধরা শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান, কালের কণ্ঠের কুষ্টিয়ার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিক, নিউজটোয়েন্টি ফোরের স্টাফ রিপোর্টার জাহিদুজ্জামান, বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার সহ-সভাপতি এস এম জামাল, সাধারণ সম্পাদক

কাকলি খাতুন, সাংগঠনিক সম্পাদক বিপুল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় স্কুল ছাত্র রেজাউল নিহত; আহত-৫

চুয়াডাঙ্গা সদর উপজেলার চারমাইল বাজারে সড়ক দুর্ঘটনায় পাঁচজন আহত সহ নিহত হয়েছে আরও এক জন।

আজ রবিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা চার মাইল বাজারে এই সড়ক দুর্ঘটনায় ঘটে। দুর্ঘটনায় নিহত হয়েছে পার্শ্ববর্তী এলাকার সোহরাওয়ার্দী স্মরণী বিদ্যাপীঠের নবম শ্রেণির ছাত্র রেজাউল ইসলাম (১৫) পিতা- মোঃ রনি আহমেদ সাং- হোগলডাঙ্গা থানা- চুয়াডাঙ্গা সদর। দুই ছেলের মধ্যে দুর্ঘটনায় নিহত বড় ছেলে রেজাউল ইসলাম।নিহত রেজাউল ইসলাম প্রতিদিনের ন্যায় স্কুল থেকে বাসার উদ্দেশ্য যাচ্ছিলো কিন্তু পথের মধ্যে ঘাতক ট্রাক তাকে চাঁপা দেন। ঘটনাস্থলে মৃত্যু হয় রেজাউল ইসলামের।

আহতদের মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার চারজন ১। আনোয়ার হোসেন(৩৮) সাং- কোলনিপাড়া থানা- চুয়াডাঙ্গা সদর ২। সবুজ হোসেন(৩৯) সাং- ভান্ডারদহ থানা- চুয়াডাঙ্গা সদর ৩। বিল্লাল হোসেন(৪০) সাং- ঠাকুরপর থানা- চুয়াডাঙ্গা সদর ৪। আব্দুল গফুর(৫০) সাং- ডিঙ্গেদহ বাজার

চারমাইল দুর্ঘটনায় স্থলে উপস্থিত প্রতক্ষ্যদোষী খালিদ হাসান বলেন চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা ঝিনাইদহমুখী একটি ট্রাক প্রথমে একটি ভূসি বোঝায় করা আলমসাধুতে এসে ধাক্কা দেয় তারপর আটোতে ধাক্কা মারে এবং শেষে সাইকেলে থাকা সাইকেল আরোহী নিহত রেজাউল এর উপর ধাক্কা দেয়। আমরা এলাকাবাসী সাইকেল আরোহী রেজাউল ও অনান্য আহতদের নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে আনায়ন করি পরে হাসপাতালে নিয়ে এসে রেজাউল নামের ছেলেটিকে মৃত ঘোষণা করে

এখানের ডাক্তার।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসক মেডিকেল অফিসার খালিদ হাসান বলেন, বিকাল সাড়ে চারটার পরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঁচজন রোগী আসে। পাঁচজনের মধ্যে এক জন হাসপাতালে নিয়ে আসার আগেই মারা যান এবং বাকিদের চারজনের মধ্যে সকলের অবস্থা খারাপ আমরা আহতদের চিকিৎসার প্রদান করে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করিয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের উপ-পরিদর্শক (এসআই) হারুন অর রশিদ জানান, রোববার বিকালে একটি দ্রুত গতির পণ্যবাহি ট্রাক (ঢাকা মেট্রো জ -১১৭৫৯৮) চুয়াডাঙ্গা থেকে ঝিনাদহের দিকে যাচ্ছিল। চার মাইল বাজারে পৌঁছে দ্রুত গতিতে ওভারটেক করতে যেয়ে নিয়ন্ত্রন হারিয়ে কয়েকটি অটো রিকশা ও পাখি ভ্যানকে ধাক্কা দিলে আরোহীরা গুরুতর আহত হন। এর পর বাইসাইকেল চালক স্কুল ছাত্র রেজাউল ইসলাম কে ধাক্কা দিলে গুরুতর আহত হন। আহতদের উদ্ধার করে সদর হাসপাতালে নিলে জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক রেজাউল ইসলাম কে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় ট্রাক ও চালকের সহকারীকে আটক করে পুলিশ হেফাজতে রাখা হয়েছে। আটক – রোকন উদ্দিন (২৫) আলমডাঙ্গার শাহজাহান আলীর ছেলে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, ঘটনার পর চালক ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। চালকের সহকারীকে আটক করা হয়েছে। নিহতের মরদেহ সদর হাসপাতালের মর্গে রাখা আছে। এ বিষয়ে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে জানান এই অফিসার ইনচার্জ।

মেহেরপুরের বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “উঠান বৈঠক

অনুষ্ঠিত”

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধ ও অনিয়মিত বিদ্যালয়ে আসা ছাত্রছাত্রীদের অভিভাবকদের নিয়ে আজ রবিবার সকাল ১০ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ ফৌজিয়া আফরোজের সভাপতিত্বে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

আরো বক্তব্য রাখেন এস.এম.সি সদস্য মোছাঃ চামেলী খাতুন, সহ: শিক্ষকা শামীমা সুলতানা এবং শেফালী খাতুন। এছাড়া অনুষ্ঠানে অভিভাবকগণ সহ, জন প্রতিনিধি, এস এম সি, ও ওয়াচ গ্রুপ সদস্য অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় সবার জন্য সমতা ভিত্তিক ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরে পড়া, বাল্যবিবাহ রোধসহ ছাত্রছাত্রীদের অনিয়মিত বিদ্যালয়ে আসা দুর করতে, নাগরিকতা ও নৈতিক মূল্যবোধ ও অভিভাবকদের দায়িত্ব পালনে এগিয়ে যাওয়া বিষয়ে এস.এম.সি, শিক্ষক, পিটিএ ও ওয়াচ কমিটি একসাথে কাজ করতে পৃথক কর্মসূচী গ্রহন করে।

চুয়াডাঙ্গায় এসএসসি পরিক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ও শিক্ষকদের সংবর্ধনা

চুয়াডাঙ্গায় এসএসসি-২০২৩ এর জিপিএ-৫ প্রাপ্ত ১শ জন কৃর্তী শিক্ষার্থী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪২ জন গুণি শিক্ষককে

সংবর্ধনা দেয়া হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে দশটায় ন্যাশনাল চিলড্রেন টাস্কফোর্স (এনসিটিএফ) চুয়াডাঙ্গা জেলা কমিটির আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে মিডিয়া পার্টনার হিসেবে ছিলো দৈনিক সময়ের সমীকরণ পত্রিকা।

আজ সকাল সাড়ে নয়টা থেকেই চেম্বার অব কর্মাস মিলনায়তনে আসতে শুরু করে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কৃর্তী শিক্ষার্থীরা। সেই সাথে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সিনিয়র থেকে জুনিয়র ৪২ জন গুণী শিক্ষকের আগমন। একই স্থান যেন মেধাবী আর গুণীদের সমারোহে ভরা। বিশেষ করে কৃর্তী শিক্ষার্থী ও গুণিজন সম্মননা অনুষ্ঠানে অতিথিও যখন চুয়াডাঙ্গার কৃর্তী সন্তান প্রতিষ্ঠিত ব্যবসায়ী, গুণী শিক্ষক ও সমাজের দর্পণ স্বরুপ গণমাধ্যম ব্যক্তিরা তখন অনুষ্ঠান নিসন্দেহে দারুণ হবারই কথা।

এ আয়োজনে অনলাইন গুগল মিটের মাধ্যমে যুক্ত হয়ে অতিথি হিসেবে কৃর্তী শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য রাখেন এনআরবি ওয়ার্ল্ডেও প্রেসিডেন্ট ও বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুরের (বিডিচ্যাম) প্রেসিডেন্ট, সাহিদ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ও দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান পৃষ্ঠপোষক আলহাজ্ব সাহিদুজ্জামান টরিক।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সভাপতি ও দৈনিক সময়ের সমীকরণ এর প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজিব হাসান কচি, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের প্রভাষক মাহমুদুল হাসান সুমন, এনসিটিএফ এর সাবেক সংগঠক, দৈনিক সময়ের সমীকরণ’র স্টাফ রিপোর্টার ও আজকের পত্রিকার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি মেহেরাব্বিন সানভী।

এনসিটিএফ চুয়াডাঙ্গা জেলা কমিটির সভাপতি রওনাক সামিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, সিনিয়র সাংবাদিক শাহ আলম সনি, রিফাত রহমান, মাহফুজ মামুন, খায়রুল ইসলাম, হুসাইন মালিক, কামরুজ্জামান সেলিম, মফিজ জোয়ার্দ্দার, আহসান আলম, সাইফ জাহান, সাকিব বিশ্বাস, সাকিব আল হাসান, দেশ সেরা কৃষাণী ও তরুণ উদ্যোক্তা মেরিনা জামান মমি, অনুশীলনের পরিচালক তৌফিক শুভ ও মাফরাফি মতুর্জা প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন

এনসিটিএফ চুয়াডাঙ্গা জেলা কমিটির শিশু গবেষক লামিয়া তাসফিয়া রজনির প্রাণবন্ত উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন এনসিটিএফ শিশু গবেষক ওমায়ের হাসান ও সাবেক শিশু সাংবাদিক কামরুল ইসলাম অপু প্রমুখ। কৃর্তী শিক্ষার্থীদের মধ্য থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের ছাত্রী ফারহানা আক্তার শোভা।

অনুষ্ঠানে অতিথির বক্তব্যে এনআরবি ওয়ার্ল্ডেও প্রেসিডেন্ট ও বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুরের (বিডিচ্যাম) প্রেসিডেন্ট, সাহিদ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ও দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান পৃষ্ঠপোষক আলহাজ্ব সাহিদুজ্জামান টরিক বলেন, তোমরা যারা সবে এসএসসি পাশ করেছো, কলেজে যাবা, অনেকেই মনে করতে পারো এবার আমাদের কাজ শেষ। প্রথম যখন একজন শিক্ষার্থী কলেজে যায়, তার মনে হয় এবার বড় হয়ে গেছি। অনুভূতি গুলো এমন হয় যেন, নিজেদের ভালো নিজেরাই বুঝতে শিখেছি। ১৯৮৪ সালে আমি এসএসসি পাশ করেছিলাম। আমারও এমনটাই মনে হয়েছিলো। কিন্তু কলেজে যাওয়া মানে জীবনের একটি ধাপ পার করে নতুন একটি ধাপে পদার্পণ মাত্র। যখন তোমরা প্রথম কলেজে যাবে, শপথ নিতে হবে, আমি এগিয়ে যেতে চাই। প্রত্যেকটা মানুষের মধ্যে একটা পাউয়ার (ক্ষমতা) আছে। কেউ কাজে লাগায়, কেউ লাগায় না। তোমরা যদি মনে করো, সে যদি পারে, আমি কেন পারবো না? নিজের মধ্যে লুকিয়ে থাকা সেই পাউয়ারকে কাজে লাগিয়ে পরিশ্রম করো, ঠিকই ফল পাবে। শুধু নিজের জন্য নয়, পরিবার, দেশ এবং জাতীর জন্য কাজ করার ইচ্ছা মনের মধ্যে থাকতে হবে। সেই ইচ্ছায় একদিন তোমাদেরকে সাফল্য এনে দেবে।

বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ বলেন, আগামীতে তোমরাই দেশের নেতৃত্ব দিবে। সারা দেশের মধ্যে বিশেষ ভাবে চুয়াডাঙ্গাকে প্রতিষ্ঠিত করতে হবে। আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে নিজেকে প্রতিষ্ঠিত করতে হবে।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলার চার উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০০ জন কৃর্তী শিক্ষার্থী ও ৪২ জন গুণি শিক্ষককের হাতে সম্মননা স্মারক তুলে দেন অতিথিরা।

বাবার কোলে মাথা রেখে মুনতাহারের আর বেড়ানো হবেনা

গত কয়েক দিন আগে সাড়ে ৯মাস বয়সী মেয়ে মুনতাহারকে নিয়ে মেট্রোরেলে ভ্রমন করার ছবি সামাজিক যোগযোগ মাধ্যমে দিয়েছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর মিনারুল ইসলাম। এর কয়েক দিনের মাথায় বাসায় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে সেই ছোট্র মুনতারহার এবং স্ত্রীকে রেখে না ফেরার দেশে চলে গেলেন তিনি।

গত ১৩ আগস্ট রাতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর মিনারুল ইসলাম মিনারের বাসায় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ ঘটে, এতে মিনারুলসহ তার বাবা ফরমান মন্ডল (৭৫), মা খাদিজা বেগম (৬৫) এবং গ্যাস লাইনের মিস্ত্রি শরিফুল ইসলাম গুরতর অগ্নিদগ্ধ হয়। তাদের সকলকে উদ্ধার করে দ্রুত শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনিস্টিটিউটে ভর্তি করে। চিকিৎসা শুরু হলে ৯৫ভাগ দগ্ধ পিতা এবং তাকে আইসিইউতে নেওয়া হয়। আইসিইউতে নেওয়ার আগে ১৪আগস্ট স্ত্রীকে আশ্বাস্ত করেছিল আমি ভাল আছি আমাকে নিয়ে চিন্তা করনা, আমি খুব তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠবো মেয়েকে দেখে রেখ। কিন্তু স্ত্রী’র কাছে দেওয়া আশ্বাস তিনি রাখতে পারলেন না ৪দিনের মাথায় মৃত্যুর সাথে পাঞ্জালড়ে তিনি গত বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় মৃত্যুর কোলে ঢোলে পড়েন এর দুদিন আগে ১৫আগস্ট ওই বার্ন ইনিস্টিটিউটেই মৃত্যুবরণ করেন বাবা ফরমান আলী মন্ডল। মা এখনো ওখানেই চিকিৎসাধীন রয়েছে। মিনারুল ইসলাম হরিণাকুণ্ডু উপজেলার ভায়না ইউনিয়নের লক্ষিপুর গ্রামের ফরমান আলী মন্ডলের ছেলে।

মাত্র ৯মাসের শিশু কন্যা মুনতাহার এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সদ্য স্নাতকোত্তর সমাপ্ত করা স্ত্রী সুরাইয়া খাতুনকে নিয়ে গাজীপুর বোর্ডবাজার এলাকার (মুক্তারবাড়ি) থাকতেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের এই কর্মকর্তা।

আজ শুক্রবার সকাল ১০টায় বাকচুয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে মিনারুলের জানাযায় হাজার হাজার মানুষের ঢল নামে, ঝিনাইদহ এবং পার্শ্ববর্তি কুষ্টিয়া জেলা থেকে শত শত ছাত্র, শিক্ষক এবং রাজনৈতিক দলের শুভাকাঙ্খিরা তাকে এক নজর দেখতে আসে। তার জানাযায় অংশ গ্রহন করতে আসে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকর্মীরা এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্জের পক্ষে কবরে ফুল দিয়ে শ্রদ্ধাঞ্জলি

অর্পণ করেন।

জানাযায় বক্তব্য দেওয়া কালে কান্নায় ভেঙ্গে পড়েন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র সাইদুল করিম মিন্টু, এতে হাজার হাজার মুসল্লী ও উপস্থিত জনতা অশ্রুশিক্ত হয়ে পড়েন। এছাড়াও তার সহকর্মী, বন্ধু, শুভাকাঙ্খি ও স্থানীয় স্বজনরা কান্নায় ভেঙ্গে পড়ে।

বক্তব্য কালে সাইদুল করিম মিন্টু বলেন, শুধু এই মিনারুলের জন্য আমি দলমত নির্বিশেষে ৩শ ছাত্রছাত্রীকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি করিয়েছি। মিনারুল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০০৬-০৭ শিক্ষা বর্ষে হিসাব বিজ্ঞান বিভাগ থেকে স্নাতকোক্তর ডিগ্রি অর্জন করেন। ব্যক্তি জীবনে তিনি একজন ভাল সংগঠক ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যায়ন কালে তিনি বিশ্ববিদ্যালয়স্থ ঝিনাইদহ ছাত্র কল্যাণ সমিতি গড়ে তোলেন এবং এই সমিতির মাধ্যমে ঝিনাইদহের শত শত হতদরিদ্র ছাত্রছাত্রীদের ভর্তি এবং লেখাপড়ার খরচ চালাতে বৃত্তির ব্যবস্থা করতেন। ঝিনাইদহের সকল দানশীল ব্যক্তিদের এই সিমিতির সাথে সম্পৃক্ত করে প্রতিবছর ছাত্র ছাত্রীদের অর্থিক সহায়তা দিতেন। তিনি ছিলেন সকলের কাছে প্রিয় একটি মুখ। তার মৃত্যুতে এলাকাজুড়ে শোকের ছায়া নেমে এসছে।

এইচএসসি পরীক্ষার প্রথম দিনে মেহেরপুরে অনুপস্থিত ২৪ জন

মেহেরপুরে চলতি এইচএসসি পরীক্ষার বাংলা প্রথম পত্রে ২৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত।

মেহেরপুর জেলায় ৩টি উপজেলার ৭টি পরীক্ষা কেন্দ্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এবার মোট পরীক্ষার্থী ৩ হাজার ৭২৬ জন। পরীক্ষায় অংশ নিচ্ছেন ৩ হাজার ৭১২ জন।

পরীক্ষা কেন্দ্রগুলোর মধ্যে রয়েছে মেহেরপুর সরকারি সরকারি কলেজ কেন্দ্র, ছহিউদ্দিন ডিগ্রী কলেজ কেন্দ্র, গাংনী সরকারি ডিগ্রী

কলেজ কেন্দ্র, গাংনী ডিগ্রী মহিলা কলেজ কেন্দ্র, বামন্দি নিশিপুর স্কুল এন্ড কলেজ কেন্দ্র, মুজিবনগর উপজেলার মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ কেন্দ্র।

পরীক্ষা চলাকালে জেলা প্রশাসক মোঃ শামীম হাসান পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন।

মেহেরপুর বিচার বিভাগের লিল্লাহ বোডিংয়ের ছাত্রদের মাঝে খাবার পরিবেশন

জাতীয় শোক দিবসে মেহেরপুর বিচার বিভাগের নানা কর্মসূচির অংশ হিসেবে মদিনাতুল উলুম কওমী মাদ্রাসার লিল্লাহ বোডিংয়ে স্বাধীনতার স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাফফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অতঃপর মাদ্রাসার লিল্লাহ বোডিংয়ের ছাত্রদের মাঝে দুপুরের খাবার পরিবেশন করা হয়।

গাংনী মহিলা ডিগ্রি কলেজে শোক দিবসের আলোচনা সভা

জাতির জনক বঙ্গবন্ধুর ৪৮তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে গাংনী মহিলা ডিগ্রি কলেজে জাতীয় ও শোক দিবসের পতাকা উত্তোলন এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১০ টার সময় গাংনী মহিলা ডিগ্রি কলেজে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন, শোক দিবসের পতাকা উত্তোলন করেন কলেজের অধ্যক্ষ মো: খোরশেদ আলী।

পরে কলেজের হলরুমে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ মো: খোরশেদ আলী। এসমসয় কলেজের অন্যান্য শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।